14

দৈনিক বাংলা

তারিখ 07 SEP 1995
পৃষ্ঠা ৭ কলাম ৭

ফলাফল অপ্রত্যাশিত

# শতাধিক ছাত্রছাত্রী এসএসসির খাতা আবার দেখার আবেদন করেছে

স্টাফ রিপোর্টার ঃ রাজধানীর কয়েকটি নামীদামী স্কুলের প্রায় শতাধিক ছাত্রছাত্রী এবছর এসএসসিতে অপ্রত্যাশিত রেজাল্ট হওয়ায় তা পুনরায় যাচাই করার জন্য ঢাকা শিক্ষা বোর্ডের কাছে আবেদন জানিয়েছে।

এ ব্যাপারে গভঃ ল্যাবরেটরী স্কুলের প্রধান শিক্ষক জানান, এ স্কুলের ১২ জন ছাত্র অবজেকটিভ প্রশ্নোত্তরের চেয়ে রচনামূলক প্রশ্নোত্তরে বেশী নম্বর পেয়েছে যা প্রায় অসম্ভব। ফলে এদের খাতা পুনঃ যাচাইয়ের জন্য নিয়ম অনুযায়ী বোর্ডে আবেদন করা হয়েছে।

তিনি বলেন, ল্যাবরেটরী ফার্স্টবয় রচনামূলক প্রশ্নে ৫০–এর মধ্যে ৪৩ পেলেও অবজেকটিভ অংশে পেয়েছে ৫০–এর মধ্যে মাত্র ৩৮। অথচ অবজেকটিভ অংশে ৫০–এর মধ্যে তার পঞ্চাশই পাওয়ার কথা। শুধু ফার্স্টবয়ই নয় অবজেকটিভ অংশে কম নম্বর পাওয়া প্রায় সবারই প্রশ্ন ব্যাংকের ৫শ'টি প্রশ্ন একদম মুখস্ত। প্রধান শিক্ষকের মতে, স্কুলের যেসব ছাত্র পরীক্ষায় 'খ' সেট প্রশ্ন থেকে পরীক্ষা দিয়েছিল, তাদের সবাই অবজেকটিভ প্রশ্নোত্তরে ৩০ থেকে ৩৮ এর মধ্যে নম্বর পেয়েছে। কম্পিউটারের ভুলের জন্য হয়তো এমনটি ঘটতে পারে। ধানমন্ডি গভঃ বয়েজ হাইস্কুল এবং উদয়ন স্কুল থেকেও একই ধরনের অভিযোগ পাওয়া গেছে।